"যুবদের জাগরন, বাংলাদেশের উন্নয়ন"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dvd.gov.bd.

স্মারক নং - ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০৫০.১৪- ০১ তারিখঃ০৩-০১-১৮খ্রিঃ।

বিষয়ঃ বগুড়া জেলাধীন সকল উপজেলায় মোবাইল ব্যাংকের মাধ্যমে যুব ঋণের কিস্তি আদায় কার্যক্রম সম্প্রসারণ সংক্রান্ত।

সূত্রঃ ১। ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০৫০.১৪- ৫৪৪, তারিখঃ ২০/১২/২০১৭খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানান যাচ্ছে যে, গত ২৭/১২/২০১৭ তারিখে বগুড়া জেলার উপ-পরিচালকের কার্যালয়ে দিনব্যাপী বর্ণিত বিষয়ে ওরিয়েন্টেশন কার্যক্রম অনুষ্ঠিত হয়। এ কার্যক্রমে আদর্শ সদর উপজেলার ২৩ জন ঋণ সেবা গ্রহীতা তাদের ঋণের কিস্তি স্ব-স্ব মোবাইল ব্যাংকের মাধ্যমে সফলভাবে যুব উন্নয়ন অধিদপ্তরে প্রেরণ করেছেন। দিনের কার্যক্রমের তৃতীয় অর্থাৎ শেষভাগে জেলা ও ১২টি উপজেলা হতে অংশগ্রহনকারীগণকে (উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সিএস এবং অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর) ডাচ-বাংলা মোবাইল ব্যাংক কর্তৃক প্রদত্ত লিংক/পোর্টাল ব্যবহার পদ্ধতি এবং এর মাধ্যমে কিস্তি জমার ষ্টেটমেন্ট দেখা, প্রিন্ট করা, দৈনিক আদায় রেজিস্টারে বিদ্যমান পদ্ধতির সাথে সমন্বয় সাধন এবং মাসিক রিপোর্ট প্রস্তুতি বিষয়ে সম্যক ধারনা প্রদান করা হয়েছে।

০২। এছাড়াও জেলাধীন অন্যান্য উপজেলায় এ কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে সম্মিলিতভাবে যে সিদ্ধান্ত গৃহীত হয়েছে তা নিম্নরূপঃ

নং	উপজেলার নাম	সম্ভাব্য শুরুর তারিখ	শেষের তারিখ	নং	উপজেলার নাম	সম্ভাব্য শুরুর তারিখ	শেষের তারিখ
০১.	শাজাহানপুর	১৭/০১/২০১৮	১৫/০৩/২০১৮	০৬.	গাবতলী	২৩/০১/২০১৮	২২/০৩/২০১৮
০২.	সোনাতলা	১৭/০১/২০১৮	১৫/০৩/২০১৮	০৭.	দুপচাচিয়া	২৩/০১/২০১৮	২২/০৩/২০১৮
০৩.	শেরপুর	১৭/০১/২০১৮	১৫/০৩/২০১৮	০৮.	আদমদিঘি	২৩/০১/২০১৮	২২/০৩/২০১৮
০৪.	ধুনট	২১/০১/২০১৮	২০/০৩/২০১৮	০৯.	নন্দীগ্রাম	২৫/০১/২০১৮	২৫/০৩/২০১৮
০৫.	সারিয়াকান্দি	২১/০১/২০১৮	২০/০৩/২০১৮	১০.	কাহালু	২৫/০১/২০১৮	২৫/০৩/২০১৮
				১১.	শিবগঞ্জ	২৫/০১/২০১৮	২৫/০৩/২০১৮

০৩। এমতাবস্থায় বর্ণিত তারিখে স্ব-স্ব উপজেলায় এ কার্যক্রম শুরু করার লক্ষ্যে ঋণীগণের (চলতি ও খেলাপী) ক. মোবাইল ব্যাংকের হিসাব খোলা, ঋণীদের তালিকার ভিত্তিতে ৯ সংখ্যার বিলনম্বর প্রস্তুত এবং প্রত্যেক ঋণীকে তাদের বিলনং এবং বিলার নং সহ একটি পরিচিতি কার্ড প্রদান, কার্যক্রম শুরুর অন্তত ৩দিন পূর্বে সম্পন্ন করতে হবে। এ লক্ষ্যে মোবাইল ব্যাংকের স্থানীয় প্রতিনিধি এবং এজেন্টগণ প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।

০৪। প্রত্যেক উপজেলার সকল ঋণী (চলমান, কিস্তি খেলাপী ও ঋণ খেলাপী) গণকে নির্ধারিত সময়ের মধ্যে (কর্মসূচি শুরুর ২ মাসের মধ্যে) পরিকল্পনা প্রনয়ন করে এ কার্যক্রমের আওতায় নিয়ে আসতে হবে। নতুন ঋণীদের ঋণের চেক প্রদানের পূর্বেই এই প্রক্রিয়ার আওতায় আনতে হবে।

০৫। মোবাইল ব্যাংকের মাধ্যমে ঋণের কিস্তি আদায় হলেও সিএসগণ তাদের স্ব-স্ব ঋণীদের প্রকল্প তদারকিসহ ঋণীগণকে মোবাইল ব্যাংকের মাধ্যমে কিস্তি জমার বিষয়ে উদ্বুদ্ধকরণ, ঋণীর মোবাইল ম্যাসেজ/অফিস স্টেটমেন্টের ভিত্তিতে তাদের পাশবইতে যথারীতি কিস্তি আদায় এন্ট্রি প্রদান প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে।

০৬। মোবাইল ব্যাংকে সংগৃহীত অর্থ মাসভিত্তিতে স্ব-স্ব উপজেলায় সংশ্লিষ্ট হিসাবে প্রেরণের লক্ষ্যে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাগণ তাদের বিদ্যমান ব্যাংকের তথ্যাদি নির্ধারিত ফরমে (রাউটিং নং, যে হিসাবে টাকা পাঠানো হবে- এক্ষেত্রে কিস্তি আদায় হিসাব নম্বর ও হিসাবের নাম সহ) যথাযথ স্বাক্ষরপূর্বক ডাচ-বাংলা মোবাইল ব্যাংকের প্রতিনিধি বরাবর প্রদান করবেন।

০৭। কোন ঋণ গ্রহীতা ভুল নম্বরে টাকা পাঠালে তা সংশোধনের লক্ষ্যে ঋণীর আবেদন গ্রহন এবং তাতে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার সুপারিশসহ স্থানীয় ডাচ-বাংলা মোবাইল ব্যাংকে জমা প্রদান করতে হবে।

০৮। সূত্রোক্ত পত্রে এ লক্ষ্যে প্রযোজ্য বিলার আইডি, বিলনং তৈরীসহ যাবতীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। আশা করা যায়, ওরিয়েন্টেশন সহ সূত্রোক্ত পত্র এবং আলোচ্য পত্রের নির্দেশনা অনুসরণ করে নির্ধারিত সময়ের মধ্যে কাঙ্খিত লক্ষ্য অর্জনে সংশ্লিষ্টগণ যথাযথ উদ্যোগী হবেন।

০৩/০১/১৮

(মোঃ শাহীনুর রহমান)
সহকারী পরিচালক(দাঃ বিঃ ও ঋণ)
ফোন ঃ ৯৫১৫০১৯
Email-addydpe@gmail.com

প্রাপক
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
যুব উন্নয়ন অধিদপ্তর
.... (সকল), বগুড়া জেলা।

চলমান পাতা/০২

স্মারক নং - ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০০৭.১৭- ০১ তারিখঃ ০৩-০১-১৮-খ্রিঃ।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি বিতরণঃ

১। পরিচালক .... (সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

২। প্রোগ্রামার, আইসিটি, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

৩। উপ-পরিচালক-১, (দাঃ বিঃ ও ঋণ শাখা)কে নির্দেশনা মাফিক কার্যাদি সাধনে তদারকি নিশ্চিত করতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৪। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, বগুড়া-কে জেলাধীন সকল উপজেলার এ বিষয়ক অগ্রগতির তথ্য নির্ধারিত ছকে সমন্বিত করে (সংযুক্ত) শুরুর একমাস পর প্রথম এবং দ্বিতীয় ও তৃতীয় মাস শেষে আরও দুইবার প্রতিবেদন পাঠাতে নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

৬। দপ্তর নথি।

৩/০১/১৮
(মোঃ শাহীনূর রহমান)
সহকারী পরিচালক (দাঃবিঃও ঋণ)

ছক

ডাচ-বাংলা মোবাইল ব্যাংকের মাধ্যমে ঋণের কিস্তি আদায় অগ্রগতির তথ্য ছকঃ

জেলার নাম .... মাসের নাম ....তারিখ পর্যন্ত

নং	উপজেলার নাম	শুরুর তারিখ	মোট ঋণীর সংখ্যা			এ পর্যন্ত ব্যাংক হিসাব খোলার সংখ্যা	এ পর্যন্ত কিস্তি প্রদান সংখ্যা(জন)	অবশিষ্ট ঋণী সংখ্যা (যারা মোবাইল ,ব্যাংকিং ব্যবহার করছেন না)		
			চলতি	খেলাপী	মোট			চলতি	খেলাপী	মোট
০১.	বগুড়া সদর									
০২.	শাজাহানপুর									
০৩.	সোনাতলা									
০৪.	শেরপুর									
০৫.	ধুনট									
০৬.	সারিয়াকান্দি									
০৭.	গাবতলী									
০৮.	দুপচাচিয়া									
০৯.	আদমদিঘি									
১০.	নন্দীগ্রাম									
১১.	কাহালু									
১২.	শিবগঞ্জ									

উপ-পরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর
বগুড়া